গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী

ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com
**Facebook page :** Feni Govt. College, Feni.

তারিখ: ১০ মে, ২০২৬ খ্রি.

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণিতে ফেনী সরকারি কলেজের অধিভুক্ত বিষয় সমূহে ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নলিখিত সময়ানুযায়ী সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১৩ মে ২০২৬ খ্রি. তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায়, দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, ১ম মেধাতালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। আর বিষয় পরিবর্তন করতে না চাইলে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে NO অপশন সিলেক্ট করতে হবে। ( বিষয় পরিবর্তন এর নির্দিষ্ট ঘরে Yes অথবা NO শুধু একবার সিলেক্ট করা যাবে)

| ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের প্রয়োজনীয় নির্দেশাবলী অনুসরণ করতে হবে। | ভর্তি ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে। |
|---|---|
| ☛ ভর্তি পরীক্ষার রোল নম্বর ব্যবহার করে website (www.nu.edu.bd/admissions) থেকে চূড়ান্ত ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে দুই কপি (College কপি ও Student কপি) A-4 সাইজের অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। বিভাগ পরিবর্তন করতে চাইলে (YES) আর না করতে চাইলে (NO) অপশানে ক্লিক করতে হবে। বিভাগ পরিবর্তন হইলে তার পূর্বের বিভাগ বাতিল হয়ে যাবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বিভাগ পরিবর্তন ফরম স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।<br>☛ আবেদনকারীকে প্রিন্ট করা ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। | ☛ এসএসসি/সমমানের ও এইচএসসি/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসা পত্র মূলকপি।<br>☛ SSC/সমমানের এবং HSC/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসা পত্রের প্রতিটির ২টি করে ফটোকপি।<br>☛ ১০×১২ সাইজের একটি পার্শেল খাম এবং খামের উপর ভর্তিচ্ছু শিক্ষার্থীর নাম,পিতার নাম,বর্তমান ঠিকানা,মোবাইল নং,ভর্তি পরীক্ষার রোল নম্বর,মেধাক্রম,মেধাস্কোর লিখে উল্লিখিত কাগজপত্রাদিসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।<br>☛ সদ্যতোলা ০২ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি।<br>[বি: দ্র : - ছাত্রছাত্রীদের প্রশংসাপত্র ও ট্রান্সক্রিপ্ট এর অন্তত ২ সেট ফটোকপি ভবিষ্যৎ প্রয়োজনে নিজের কাছে রাখার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।] |

ভর্তির তারিখ ও সময় :

| ক্রমিক নং | বিষয় (স্ব স্ব বিভাগে ভর্তি) | ভর্তির ফরম জমাদানের তারিখ | বার ও সময় |
|---|---|---|---|
| ১ | বাংলা, ইংরেজি, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি | ১২/০৫/২০২৬ মঙ্গলবার | দুপুর ১.৩০ মিনিট থেকে ৫.০০ টা |
| ২ | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, রসায়ন, পদার্থবিজ্ঞান,প্রাণিবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, গণিত | ১৩/০৫/২০২৬ বুধবার | |

ভর্তির জন্য নির্ধারিত ফি : সেমিনার ফি এর টাকা স্ব স্ব বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যাংক এর মাধ্যমে জমা দেয়া যাবে।

| বিষয়/বিভাগ | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদানের ফি | সেমিনার ফি রশিদের মাধ্যমে নগদ গ্রহণ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে | মোট |
|---|---|---|---|
| বিএ/বিএসএস | ৩৯২৫ | ১৮০০ | ৫৭২৫ |
| বিবিএ | ৪০৪৫ | ১৮০০ | ৫৮৪৫ |
| পদার্থবিজ্ঞান | ৪১২৫ | ২৪০০ | ৬৫২৫ |
| রসায়ন | ৪২২৫ | ২৪০০ | ৬৬২৫ |
| উদ্ভিদবিজ্ঞান | ৪০২৫ | ২৪০০ | ৬৪২৫ |
| প্রাণিবিজ্ঞান | ৪০২৫ | ২৪০০ | ৬৪২৫ |
| গণিত | ৪১২৫ | ২৪০০ | ৬৫২৫ |

### ভর্তি ফি জমাদান পদ্ধতি :

শিক্ষার্থীদের করণীয় : https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Admission লগ ইন করার পর National University Fee তে ক্লিক করার পর Admission ফিতে ক্লি করে ফেনী সরকারি কলেজ (১০৬৪২) সিলেক্ট করে ভর্তি ফরমের রোল নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)''এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। অপশান লগ ইন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ভর্তির ফি জমা দিয়ে প্রিন্ট কপি ডাউনলোড করতে হবে এবং ডাউনলোডকৃত কপি ভর্তি ফরম এর সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

- টাকা জমা দেওয়ার পর পে স্লিপ ডাউনলোড করে প্রিন্ট নিয়ে আবেদন ফরম এর সাথে SSC/সমমানের এবং HSC/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসা পত্রের প্রতিটির ২টি করে ফটোকপি সংযুক্ত করে জমা দিতে হবে।

১। ১ম মেধা তালিকায় ভর্তির পর বিষয় পরিবর্তনে আগ্রহী শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রমে উর্ধ্বতন বিষয় পরিবর্তনের ফলাফল ভর্তি website এর মাধ্যমে জানানো হবে। বিষয় পরিবর্তন হলে নির্দিষ্ট website থেকে পুনরায় ভর্তি ফরম গ্রহণ করে সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে অন্যথায় ভর্তি সংক্রান্ত জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
২। বিষয় পরিবর্তন হলে পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত করতে হবে।
৩। ২য় মেধা তালিকা স্থানপ্রাপ্ত,কোটা মেধা তালিকায় স্থানপ্রাপ্ত, ও রিলিজ স্লিপে স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম একই নিয়মে হবে।
৪। ক্লাস শুরু : ০২ জুন ২০২৬ খ্রি. (ভর্তিকৃত প্রত্যেক শিক্ষার্থীকে কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে শ্রেণি কক্ষে উপস্থিত থাকতে হবে।)

**বিশেষ দ্রষ্টব্য: অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ ফরম বাতিলের ক্ষমতা কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী